বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৯০

তারিখ: ২৮ মাঘ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৪১ তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৪১ তম কমিশন সভা গত ০৫/০২/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। বিধি মোতাবেক পর্যাপ্ত ইউনিটহোল্ডারদের অনুমোদন না থাকায় এবং ফান্ডের মেয়াদপূর্তির ১৫০ (এক শত পঞ্চাশ) দিন পূর্বে ফান্ডের ট্রাস্টি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত না হওয়া ও তা উক্ত সময়ের মধ্যে কমিশন ও এক্সচেঞ্জকে অবহিত করতে ব্যর্থ হওয়ায় 'Asian Tiger Sandhani Life Growth Fund' নামক মেয়াদী (Close-end) মিউচ্যুয়াল ফান্ডকে বেমেয়াদী (open-end) মিউচ্যুয়াল ফান্ডে রূপান্তর করার Asian Tiger Capital Partners Asset Management Ltd. এর আবেদনটি নামঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানি Ashraf Textile Mills Limited এর উপর পরিচালিত Enquiry report এর ভিত্তিতে ৮৮১তম ও ৯০২তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনাপূর্বক সিকিউরিটিজ আইন ও বিধি ভঙ্গের জন্য এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণের এবং মানি লন্ডারিং বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এ প্রেরণ করার চুড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। জুলাই-আগস্ট বিপ্লবে আত্মাহুতি দানকারী ছাত্র-জনতার স্মরণে ও সমৃদ্ধ পুঁজিবাজার বিনির্মাণে বাংলাদেশের যেকোন শিক্ষাপ্রতিষ্ঠানের স্নাতক ও স্নাতকোত্তর স্তরে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের নিয়ে সুস্থ পুঁজিবাজার ও সমৃদ্ধ অর্থনীতি, পুঁজিবাজারে ঝুঁকি এবং পুঁজিবাজারে সচেতনতা বাড়াতে আর্থিক জ্ঞান বৃদ্ধির প্রয়োজনীয়তা বিষয়ক শ্লোগান সম্বলিত সৃজনশীল শর্ট ভিডিও (১-২ মিনিট) প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

11-02-2025
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র